বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।
ঋণ আদায় বিভাগ।
Email:dgmrecovery@krishibank.org.bd

পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন
ফোনঃ-০২২২৩৩৮৩১৬৫

নং-প্রকা/আদায়/৯(১১২)/অংশ-০৬/২০২১-২০২২/৯৫৩

তারিখঃ ২৫-০৪-২০২২ খ্রিঃ

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

অতীব জরুরী

**বিষয়ঃ সুদ মওকুফ/পুনঃতফসিল প্রস্তাব প্রক্রিয়াকরণের নিমিত্তে ঋণগ্রহীতার ক্ষতিগ্রস্থতার বিষয়ে সংশ্লিষ্ট সরকারি দপ্তর হতে সংগৃহীত প্রত্যয়ন/সনদের সঠিকতা সংশ্লিষ্ট অফিস হতে সরেজমিন যাচাই বাছাইপূর্বক ব্যবস্থাপক কর্তৃক প্রত্যয়ন প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে ব্যাংকের প্রচলিত সুদ মওকুফ নীতিমালা ০২/২০১৮ তাং ০৬/০৮/২০১৮খ্রিঃ এর প্রতি সংশ্লিষ্ট সকলের সদয় দৃষ্টি আকর্ষন করা হলো।

০২। বিভিন্ন নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে ঋণের সুদ মওকুফ/পুনঃতফসিলকরণের ক্ষেত্রে উক্ত পরিপত্রের অনুচ্ছেদ নং ৪.১১ এর নির্দেশনা অনুযায়ী ঋণগ্রহীতার ক্ষতিগ্রস্থতার বিষয়ে সংশ্লিষ্ট সরকারী প্রতিষ্ঠান হতে Technical Person এর মতামত/সংশ্লিষ্ট দপ্তরের প্রত্যয়নপত্র প্রস্তাবের সাথে সন্নিবেশ করা হয়।

০৩। এ বিষয়ে গত ২১-০৩-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৮০২তম সভায় বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় যা গত ২৯-০৩-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৮০৩তম সভায় দৃঢ়ীকৃত হয়েছেঃ

"বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদে উপস্থাপিত সুদ মওকুফ/ পুনঃতফসিল প্রস্তাবের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান হতে সংগৃহীত প্রত্যয়ন/সনদের সঠিকতা সংশ্লিষ্ট অফিস হতে সরজমিন যাচাই বাছাইপূর্বক শাখা ব্যবস্থাপক কর্তৃক প্রত্যয়ন প্রদান করতে হবে এবং উক্ত প্রত্যয়ন কার্যপত্রে সন্নিবেশ করতে হবে"।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী মাঠ পর্যায়ে/প্রধান কার্যালয়ে প্রেরিত ঋণের সুদ মওকুফ/পুনঃতফসিল প্রস্তাবের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান হতে সংগৃহীত প্রত্যয়ন/সনদের সঠিকতা সংশ্লিষ্ট অফিস হতে সরজমিন যাচাই বাছাইপূর্বক শাখা ব্যবস্থাপক কর্তৃক প্রত্যয়ন প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

২৫/০৪/২২ খ্রিঃ
(মোহাম্মদ আজিজুর রহমান ফকির)
উপ- মহাব্যবস্থাপক

নং-প্রকা/আদায়/৯(১১২)/অংশ-০৬/২০২১-২০২২/৯৫৩(০৩)

তারিখঃ ২৫-০৪-২০২২ ইং

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। সচিব,পর্ষদ সচিবালয়/ সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি (সিস্টেমস) বিভাগকে অনুরোধ করা হলো।
০৩। নথি/মহানথি।

২৫.০৪.২২
(আবু জাফর মোহাম্মদ মহিউদ্দিন)
সহকারী মহাব্যবস্থাপক

F:\monitoring\9(112)\06.802th Board Dcsn\letter.docx